

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - কাবীরাহ (কবিরা) গুনাহ ও মুনাফিকীর নির্দর্শন

باب الكبائر وعلامات النفاق - الفصل الثالث

আরবী

عَنْ مُعَاذْ قَالَ: أَوْصَانِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَشْرِ كَلِمَاتٍ قَالَ لَا تُشْرِكْ بِاللَّهِ شَيْئًا وَإِنْ قُتِلْتَ وَحْرَقْتُ وَلَا تَعْنَنَنَّ وَالدِّيْكَ وَإِنْ أَمْرَاكَ أَنْ تَخْرُجَ مِنْ أَهْلِكَ وَمَا لَكَ وَلَا تَتْرُكَنَّ صَلَةً مَكْتُوبَةً مُتَعْمِدًا فَإِنَّ مَنْ تَرَكَ صَلَةً مَكْتُوبَةً مُتَعْمِدًا فَقَدْ بَرِئَتْ مِنْهُ ذَمَّةُ اللَّهِ وَلَا تَشْرِينَ خَمْرًا فَإِنَّهُ رَأْسُ كُلِّ فَاحِشَةٍ وَإِيَّاكَ وَالْمَعْصِيَةِ فَإِنَّ بِالْمَعْصِيَةِ حُلْ سُخْطَ اللَّهِ عَزَّ وَجَلَّ وَإِيَّاكَ وَالْفِرَارِ مِنَ الزَّحْفِ وَإِنْ هَلَكَ النَّاسُ وَإِذَا أَصَابَ النَّاسَ مُوتَانٌ وَأَنْتَ فِيهِمْ فَاثْبِتْ وَأَنْفِقْ عَلَىٰ عِيَالِكَ مِنْ طَوْلِكَ وَلَا تَرْفَعْ عَنْهُمْ عَصَاكَ أَدَبًا وَأَخْفِهِمْ فِي اللَّهِ. رَوَاهُ أَحْمَدُ

বাংলা

৬১-[১৩] মু'আয (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে দশটি বিষয়ে ওয়াসিয়াত বা উপদেশ দিয়েছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ (১) আল্লাহর সাথে কাউকে শরীক করবে না, যদিও তোমাকে হত্যা করা হয় অথবা আগুনে জ্বালিয়ে দেয়া হয়। (২) পিতা-মাতার অবাধ্য হবে না, যদি মাতা-পিতা তোমাকে তোমার পরিবার-পরিজন বা ধন সম্পদ ছেড়ে দেয়ার হকুমও দেয়। (৩) ইচ্ছাকৃতভাবে কখনও কোন ফরয সালাত (সালাত/নামায/নামাজ) ছেড়ে দিও না। কারণ যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে ফারয সালাত (সালাত/নামায/নামাজ) পরিত্যাগ করে, আল্লাহ তা'আলা তার থেকে দায়িত্ব উঠিয়ে নেন। (৪) মদ পান হতে বিরত থাকবে। কেননা তা সকল অশ্লীলতার মূল। (৫) সাবধান! আল্লাহর নাফরমানী ও গুনাহ থেকে বেঁচে থাক, কেননা নাফরমানী দ্বারা আল্লাহর ক্রোধ অবধারিত হয়ে যায়। (৬) জিহাদ হতে কখনো পালিয়ে যাবে না, যদিও সকল লোক মারা যায়। (৭) যখন মানুষের মধ্যে মহামারী ছড়িয়ে পড়ে আর তুমি সেখানেই রয়েছ, তখন সেখানে তুমি অবস্থান করবে (পলায়নপর হবে না)। (৮) শক্তি-সামর্থ্য অনুযায়ী নিজের পরিবার-পরিজনের জন্য খরচ করবে (কার্পণ্য করে তাদের কষ্ট দিবে না)। (৯) পরিবারের লোকেদেরকে আদাব-কায়দা শিক্ষার জন্য কক্ষনও শাসন হতে বিরত থাকবে না এবং (১০) আল্লাহ তা'আলা সম্পর্কে তাদেরকে ভয় প্রদর্শন করতে থাকবে। (আহমাদ)[1]

English

Chapter: Major Sins and the Signs of Hypocrisy - Section 3

Mu'adh said:

God's messenger recommended ten things to me saying, "Do not associate anything with God, even if you are killed and burnt on that account; do not be disobedient to your parents, even if they command you to quit your family and your property; do not deliberately neglect to observe a prescribed prayer, for he who deliberately neglects to observe a prescribed prayer will have God's protection removed from him; do not drink wine, for it is the beginning of every abomination; avoid acts of disobedience, for on their account God's wrath descends; beware of running away from the line of battle, even if the people perish: when people are smitten by death when you are among them, stay where you are ; spend on your children out of your means; do not refrain from using the rod in training them; and cause them to fear God."

Ahmad transmitted it.

ফুটনোট

[1] হাসান লিগয়ারিহী : আহমাদ ২১৫৭০, সহীল্হত তারগীব ২৩৯৪। এখানে মু'ত দ্বারা প্লেগ, মহামারী উদ্দেশ্য।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মু'আয় (রাঃ) বলেন, আমার বন্ধু আমাকে দশটি বিষয়ে আদেশ প্রদান করেছেন। তা' নিম্নরূপঃ

- (১) আল্লাহর সাথে কাউকে শরীক করবে না তা অন্তর দিয়েই হোক অথবা যবানের দ্বারাই হোক। যদিও তোমাকে হত্যা করা হয় অথবা আগুনে জ্বালিয়ে দেয়া হয় এরূপ পরিস্থিতিতেও শির্ক করা হতে বিরত থাকবে।
- (২) তোমার মাতা-পিতার অবাধ্য হবে না। অর্থাৎ- বিরুদ্ধাচরণ করবে না যদিও তারা তোমাকে আদেশ দেয়ার ক্ষেত্রে বাড়াবাড়ি করে। এমনকি স্ত্রী তুলাক দিতে বলে কিংবা মাল দান করে দিতে বলে।
- (৩) স্বেচ্ছায় সালাত (সালাত/নামায/নামাজ) পরিত্যাগ করবে না। এ থেকে বুরো যায়, কেউ যদি ভুলে যাওয়ার কারণে অথবা বাধ্য হয়ে সালাত পরিত্যাগ করে তাহলে তাহলে ভিন্ন কথা।
- (৪) মদপান করবে না। কেননা তা সকল অশ্লীল কাজের মূল। যেহেতু অশ্লীল কাজে বাধাদানকারী হলো 'আকল। আর মদপান 'আকল দূরীভূত করে। ফলে মানুষ যে কোন অশ্লীল কাজে লিপ্ত হয়। আর এজন্যই মদকে সকল অপকর্মের মূল বলা হয়।

তোমার পরিবারের লোকদের ওপর থেকে আদাবের লাঠি উঠিয়ে নিবে না।

আল্লাহর ব্যাপারে তাদেরকে ভয় দেখাবে। অর্থাৎ- আল্লাহর নির্দেশ লজ্যনের ব্যাপারে তাদেরকে সতর্ক করবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54619>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন